মেহেরপুরে জেলা পর্যায়ে বিজ্ঞানমেলার উদ্বোধন

“মেধা, বিজ্ঞান, উদ্যোগ ও উদ্ভাবনের দেশ, সবার আগে বাংলাদেশ” শীর্ষক কর্মসূচির আওতায় মেহেরপুরে জেলা পর্যায়ের বিজ্ঞানমেলার উদ্বোধন করা হয়েছে।

রবিবার সকালে মেহেরপুর সরকারি কলেজ চত্বরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের এডুকেশনাল এক্সিলেন্স সাপোর্ট স্কিমের (এইসডিপি) উদ্যোগে এবং ‘স্টার্টআপ সায়েন্স প্রজেক্ট অ্যান্ড ইনোভেশন আইডিয়া শোকেসিং প্রোগ্রাম’ এর আওতায় এ বিজ্ঞানমেলার আয়োজন করা হয়।

মেহেরপুরের জেলা প্রশাসক শিল্পী রাণী রায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বেলুন উড়িয়ে মেলার উদ্বোধন করেন। এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম নজরুল কবীরসহ সংশ্লিষ্ট কর্মকর্তা, শিক্ষক ও শিক্ষার্থীরা।

উদ্বোধনের পর মেলায় অংশগ্রহণকারী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা তাদের উদ্ভাবনী প্রকল্প, বৈজ্ঞানিক আবিষ্কার এবং প্রযুক্তিনির্ভর প্রদর্শনী উপস্থাপন করেন।

মেলার বিভিন্ন স্টলে শিক্ষার্থীদের সৃজনশীলতা, গবেষণামূলক চিন্তাভাবনা এবং নতুন নতুন উদ্ভাবনী ধারণা দর্শনার্থীদের দৃষ্টি আকর্ষণ করে।

আয়োজকরা জানান, শিক্ষার্থীদের মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তির প্রতি আগ্রহ বৃদ্ধি, গবেষণামনস্কতা তৈরি এবং উদ্ভাবনী চিন্তাধারাকে উৎসাহিত করাই এ আয়োজনের মূল উদ্দেশ্য।

মেহেরপুরে বিজ্ঞান মেলা ও কুইজ প্রতিযোগিতা

মেহেরপুরে ৪৬ তম জাতীয় দিবস ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা বিজ্ঞান বিষয়ক সেমিনার ও বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (১৪ই জানুয়ারি) সকাল দশটার দিকে মেহেরপুর সদর উপজেলা পরিষদের হলরুমে ৪৬ তম জাতীয় দিবস ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা বিজ্ঞান বিষয়ক সেমিনার ও বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠান প্রধান অতিথি উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম।

এ সময় আরো উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের প্রভাষক খাইরুল ইসলাম, সদর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা আব্দুল আল মামুন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার ফারুক উদ্দিন, পি আই মোঃ সাইদুর রহমান, জাতীয় নাগরিক কমিটির সদস্য হাসনাত জামান সৈকত প্রমুখ।

মেহেরপুরে বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা উদ্বোধন

মেহেরপুরে ৪৬ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলার উদ্বোধন করা হয়েছে। সোমবার (১৩ জানুয়ারি) সকাল ১০ টার দিকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের তত্ত্বাবধানে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় মেহেরপুর সদর উপজেলা পরিষদ চত্বরে এই মেলার আয়োজন করা হয়।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফিতা কেটে মেলার উদ্বোধন করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

পি আই ও সাইদুর রহমানের সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা সহকারী কমিশনার ভূমি অফিসার গাজী মূয়ীদুর রহমান, সহকারী কমিশনার মোঃ আবীর হোসেন, জেলা মাধ্যমিক অফিসার মোঃ মনিরুল ইসলাম, প্রাথমিক অফিসার ফারুক উদ্দিন প্রমুখ।

মেহেরপুরে সদর উপজেলা ৪৬তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলায় ১৯ টি শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করেছে।